ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৮৬
পানিসাগর,২৮ আগস্ট,২০২৫

## উত্তর পদ্মবিলে কৃষি সেক্টর কার্যালয়ের উদ্বোধন

আজ পানিসাগর মহকুমার অন্তর্গত উত্তর পদ্মবিলে নবগঠিত কৃষি সেক্টর কার্যালয়ের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। এই উপলক্ষ্যে পানিসাগর উত্তর পদ্মবিল পঞ্চায়েত কমিউনিটি হলে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিধায়ক বিনয়ভূষণ দাস বলেন, মানুষের চাহিদা পূরণে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। প্রধানমন্ত্রীর মার্গ দর্শনে মানুষের সার্বিক কল্যাণের জন্য কাজ করছে বর্তমান সরকার। তিনি আরও বলেন, এই নবগঠিত কৃষি সেক্টর অফিসের মাধ্যমে স্থানীয় কৃষকরা চাষাবাদের বিষয়ে পরামর্শ ও বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করতে পারবেন। এতে কৃষকরা চাষাবাদের জন্য আরও উৎসাহিত হবেন বলে তিনি অভিমত ব্যক্ত করেন। এছাড়াও বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি ভবতোষ দাস। স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক সমীরণ দাস।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উত্তর পদ্মবিল গ্রাম পঞ্চায়েতের চেয়ারম্যান প্রবীর কান্তি দাস। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কল্পনা দেবনাথ, পানিসাগর মহকুমার ডি.সি.এম. বিশ্বজিৎ ভট্টাচার্য, সমাজসেবী ধনঞ্জয় দাস, নিরুপম দে প্রমুখ। অনুষ্ঠান শেষে অতিথিগণ সুবিধাভোগী কৃষকদের ৬টি পাওয়ার উইডার মেশিন তুলে দেন।

*****